গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Email: dg@dnc.gov .bd, Website: www.dnc.gov.bd

নং-৪৪.০৪.০০০০.০০৬.০০.০০১.৯০.৭০৭৮

তারিখ : ১৩ পৌষ, ১৪২৫ / ২৭ ডিসেম্বর, ২০১৮

বিষয়ঃ ক্ষমতা অর্পণ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ৬৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও অধিকতর গতিশীল করার লক্ষ্যে এতদবিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ ও সার্কুলার বাতিলপূর্বক মহাপরিচালকের ওপর অর্পিত কর্তৃত্ব, ক্ষমতা ও দায়িত্ব তাঁর অধ:স্তন অফিসারদের নিম্নরূপে অর্পণ করা হলোঃ

১। ধারা ১৩ এর অধীন লাইসেন্স প্রদানের ক্ষমতা

ক) 'ক' 'খ' অথবা 'গ' শ্রেণীর কোন মাদকদ্রব্যের চাষাবাদ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ,আমদানী, রপ্তানী ইত্যাদির জন্য লাইসেন্স প্রদানের ক্ষমতা : মহাপরিচালকের অনুমোদন ক্রমে উপ-পরিচালক (প্রশাসন)।

খ) 'ক' অথবা খ' শ্রেণীর কোন মাদকদ্রব্যের সরবরাহ, বিপণন, ক্রয়,বিক্রয়, হস্তান্তর, গ্রহণ, প্রেরণ,ধারণ, সংরক্ষণ,গুদামজাতকরণ ও প্রদর্শন ইত্যাদির জন্য লাইসেন্স প্রদানের ক্ষমতা: মহাপরিচালকের অনুমোদনক্রমে উপ-পরিচালক (প্রশাসন) ।

গ) 'ক' অথবা 'খ' শ্রেণীর কোন মাদকদ্রব্যের বিধিসম্মত ব্যবহার ও প্রয়োগের জন্য পারমিট প্রদানের ক্ষমতা: মহাপরিচালকের অনুমোদনক্রমে উপ-পরিচালক (প্রশাসন)।

ঘ) 'ক' অথবা 'খ' শ্রেণীর কোন মাদকদ্রব্যের বহন পরিবহনের জন্য পাস প্রদানের ক্ষমতা : মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালক ।

ঙ) ডিষ্টিলারী, ব্রিউয়ারী, পণ্যাগার, বন্ডেড পণ্যাগার, ডিউটি ফ্রি সপ ইত্যাদি প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্স প্রদানের ক্ষমতা : মহাপরিচালকের অনুমোদনক্রমে পরিচালক (প্রশাসন) ।

চ) সকল প্রকার অ্যালকোহল উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, আমদানী, রপ্তানী ইত্যাদির জন্য লাইসেন্স প্রদানের ক্ষমতা : মহাপরিচালকের অনুমোদনক্রমে পরিচালক (প্রশাসন)।

ছ) সকল প্রকার অ্যালকোহল (মিথানল,ডিনেচার্ড স্পিরিট,সোপ স্পিরিট ও পানের অযোগ্য যে কোন ধরণের বাণিজ্যিক স্পিরিট ব্যতীত) ক্রয়, বিক্রয়, সরবরাহ, বিপণন, গ্রহণ, ধারণ, সংরক্ষণ, গুদামজাতকরণ ও প্রদর্শন ইত্যাদির জন্য লাইসেন্স প্রদানের ক্ষমতা : মহাপরিচালকের অনুমোদনক্রমে উপ-পরিচালক (প্রশাসন)।

জ) ঔষুধ প্রস্তুত, শিল্পে ব্যবহার, চিকিৎসা ও বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে ব্যবহারের জন্য অ্যালকোহলের পারমিট প্রদানের ক্ষমতা : মহাপরিচালকের অনুমোদনক্রমে উপ-পরিচালক (প্রশাসন)।

ঝ) অ্যালকোহল পরিবহনের জন্য পাস প্রদানের ক্ষমতা: অধিক্ষেত্রে মোতাবেক উপ-পরিচালক/ সহকারী পরিচালক/পরিদর্শক।

ঞ) অ্যালকোহল বা মদ্যপানের জন্য পারমিট প্রদানের ক্ষমতা: মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট পরিদর্শক।

ট) 'গ' শ্রেণীর যে কোন মাদকদ্রব্যের সরবরাহ, বিপণন, ক্রয়, বিক্রয়, গ্রহণ, ধারণ, সংরক্ষণ, গুদামজাতকরণ ও প্রদর্শন ইত্যাদির জন্য লাইসেন্স প্রদানের ক্ষমতা: মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালক ।

ঠ) 'গ' শ্রেণীর যে কোন মাদকদ্রব্যের বিধিসম্মত ব্যবহার ও প্রয়োগের জন্য পারমিট প্রদানের ক্ষমতা: মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালক ।

ড) 'গ' শ্রেণীর যে কোন মাদকদ্রব্যের বহন পরিবহনের জন্য পাস প্রদানের ক্ষমতা: অধিক্ষেত্রে মোতাবেক উপ-পরিচালক/সহকারী পরিচালক/পরিদর্শক।

২। ধারা ২০ এর বিধানমতে লাইসেন্স প্রাপ্ত স্থানে প্রবেশ,তদন্ত, অনুসন্ধান, পরিদর্শন,হিসাব বহি অথবা নিবন্ধন বহি পরীক্ষা, মাদকদ্রব্য ও মাদকদ্রব্য প্রস্তুতের যাবতীয় সাজ-সরঞ্জাম, যন্ত্রপাতি, তৈজসপত্র পরীক্ষা, ওজন ও পরিমাপ ইত্যাদির ক্ষমতা: অধিক্ষেত্রে মোতাবেক অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিদর্শক বা তদুর্ধ পদমর্যাদার যে কোন অফিসার।

৩। ধারা ২১ এর বিধান মতে প্রকাশ্য স্থান, ইত্যাদিতে আটক অথবা গ্রেফতারের ক্ষমতা: অধিদপ্তরের সিপাই বা তদুর্ধ পদমর্যাদার অপারেশনাল কাজে নিয়োজিত যে কোন অফিসার।

৪। ধারা ২৩ এর বিধানমতে পরোয়ানা ব্যতিরেকে তল্লাশী, আটক বা গ্রেফতার ইত্যাদির ক্ষমতা: অধিদপ্তরের উপ-পরিদর্শক বা তদুর্ধ পদমর্যাদার অপারেশনাল কাজে নিয়োজিত যে কোন অফিসার।

৫। ধারা ২৭ এর বিধানমতে বাজেয়াপ্তির আদেশ প্রদানের ক্ষমতা: বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালক এবং তদুর্ধ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসার।

৬। ধারা ২৮ এর বিধান মতে বাজেয়াপ্ত এবং আটককৃত মাদকদ্রব্য ও দ্রব্যাদির নিস্পত্তি অথবা বিলিবন্দেজ এর ক্ষমতা: মহাপরিচালকের অনুমোদনক্রমে বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালক এবং তদুর্ধ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসার।

৭। ধারা ২৯ এর বিধান মতে গ্রেফতারকৃত ব্যক্তি ও আটককৃত মালামাল সম্পর্কে আইনানুগ যথাযোগ্য ব্যবস্থা গ্রহণঃ অধিদপ্তরের উপ-পরিদর্শক বা তদুর্ধ পদমর্যাদার অপারেশনাল কাজে নিয়োজিত যে কোন অফিসার।

৮। ধারা ৩০(১)এর বিধানমতে এই আইনের অধীন অপরাধ তদন্তের ক্ষমতা: অধিদপ্তরের উপ-পরিদর্শক বা তদুর্ধ পদমর্যাদার অপারেশনাল কাজে নিয়োজিত যে কোন অফিসার।

৯। ধারা ৩১এর বিধানমতে এই আইনের অধীন অপরাধ তদন্তের সময়সীমা সংক্রান্ত ক্ষমতা: অধিদপ্তরের সহকারী পরিচালক বা তদুর্ধ পদমর্যাদার অপারেশনাল কাজে নিয়োজিত যে কোন অফিসার।

১০। ধারা ৩২ এর বিধান মতে এই আইনের অধীন মামলার তদন্ত হস্তান্তরের ক্ষমতা: বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রোপলিটন/জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক বা সহকারী পরিচালক এবং তদুর্ধ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসার।

১১। ধারা ৩৩ এর বিধানমতে এই আইনের অধীন ব্যাংক হিসাব, ইত্যাদি নিরীক্ষা ও নিষ্ক্রিয়করণ সংক্রান্ত ক্ষমতা: অধিদপ্তরের উপ-পরিদর্শক বা তদুর্ধ পদমর্যাদার অপারেশনাল কাজে নিয়োজিত যে কোন অফিসার।

১২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭/০৭/২০২১

(মো: জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক

নং-৪৪.০৪.০০০০.০০৬.০০.০০১.৯০.৭০৭৮

১৩ পৌষ, ১৪২৫
তারিখ : -------------------
২৭ ডিসেম্বর, ২০১৮

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. বিভাগীয় কমিশনার,-----------------------------------বিভাগ।
০৬. ডিআইজি, -------------------------------------বিভাগ।
০৭. পরিচালক (প্রশাসন/ অপারেশনস/ নিরোধ শিক্ষা/ চি: পু:), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
০৯. জেলা প্রশাসক (সকল)----------------------------------।
১০. পুলিশ সুপার (সকল)-----------------------------------।
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১২. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, সূত্রাপুর ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ...।
১৬. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১৮. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় (সকল)/ মেট্রো উপ-অঞ্চল---------------------।
১৯. উপ-পরিচালক/ সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় (সকল) -----------------------।
২০. নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান প্রধান কার্যালয়, ঢাকা।
২১. সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী/খুলনা/ চট্টগ্রাম।
২২. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা...।
২৪. অফিস কপি/ গার্ড ফাইল।

২৭/১২/২০১৮
(মো: আজিজুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)